



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখ: ১৭.০৪.২০১৮ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বৈশাখী উৎসব ১৪২৫ উদ্বাপন

বর্ণিল আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয় উদ্বাপন করেছে বৈশাখী উৎসব ১৪২৫। এ উপলক্ষ্যে সকাল ৯ ঘটিকায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের আয়োজনে অনুষ্ঠিত হয় এক বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এর নেতৃত্বে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্যের অংশগ্রহণে অনুষ্ঠিত বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রাটি প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয় সংলগ্ন বরিশাল-পটুয়াখালী-ভোলা মহাসড়ক প্রদক্ষিণ শেষে মেলা প্রাঙ্গনে এসে শেষ হয়। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, ২২টি বিভাগের চেয়ারম্যানবৃন্দ, ৩টি হলের প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, ছাত্র উপদেষ্টাবৃন্দ, দপ্তর প্রধানগণ, শিক্ষার্থীবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। উপাচার্য মহোদয় বৈশাখী উৎসব ১৪২৫ উপলক্ষ্যে সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে বলেন, আজকে এমন একটি দিনে আমরা বিশ্ববিদ্যালয় পরিবার বৈশাখী উৎসব ১৪২৫ উদ্বাপন করতে যাচ্ছি যে দিনটি বাঙালী জাতির ইতিহাসে অন্যতম গুরুত্বপূর্ণ দিন। ১৯৭১ সালের ১৭ এপ্রিল এই দিনে মেহেরপুরের বৈদ্যনাথতলা আশ্রয়স্থানে বাংলাদেশের প্রথম সরকার (মুজিবনগর সরকার) আনুষ্ঠানিক ভাবে শপথ গ্রহণের মধ্য দিয়ে স্বাধীনতার নতুন সূর্য উদিত হয়। তাই এ দিনটি আমাদের জন্য মর্যাদাপূর্ণ ও আনন্দময়। এমন একটি দিনে আমরা বৈশাখী উৎসব ১৪২৫ উদ্বাপন করতে পেরে আনন্দিত। আজকের এই দিনে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি বাঙালী জাতির জনক বাংলাদেশের প্রথম রাষ্ট্রপ্রধান হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে, যাঁর কারণে আমরা এ দেশ পেয়েছি এবং স্বাধীন দেশের মাটিতে বসে এ ধরনের উৎসব উদ্বাপন করতে পারছি। বৈশাখী উৎসব ১৪২৫ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে ২২টি বিভাগের উদ্যোগে দিনব্যাপী বৈশাখী মেলা অনুষ্ঠিত হয়, যেখানে ফুটিয়ে তোলা হয় আবহমান বাংলার লোকজ ও গ্রামীণ সংস্কৃতির ঐতিহ্যকে। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও ট্রেজারার মহোদয় এসময় অন্যান্যদের সাথে নিয়ে মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন। দিনব্যাপী আয়োজিত মেলায় মৃৎ শিল্প প্রদর্শনী, নগরদোলা, দেশীয় বিভিন্ন খেলাধুলা যেমন: হাডুডু, দাড়িয়াবান্দা, কানামাছি খেলাসহ ছিল নানা আয়োজন। এছাড়াও মেলা চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সম্মানিত শিক্ষকমণ্ডলী এবং শিক্ষার্থীদের পরিবেশনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিকে বৈশাখী উৎসব ১৪২৫ উপলক্ষ্যে বরিশাল ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির আয়োজনে আঞ্চলিক ভাষায় এক রম্য বিতর্ক প্রতিযোগিতারও আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস